# Times Today BD

জেলা প্রতিনিধি | বরিশাল | 29 May, 2025

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন এলাকায় সৃষ্টি হওয়া নিম্নচাপের প্রভাবে বৈরী আবহাওয়ায় পিরোজপুরে নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। পাশাপাশি শহরে সৃষ্টি হয়েছে জলাবদ্ধতা। পিরোজপুরে বুধবার (২৮ মে) সকাল ১০ টা থেকে বৃহস্পতিবার (২৯ মে) সকাল ১০ টা পর্যন্ত ২৪ ঘণ্টায় ১৫ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে।টানা বৃষ্টিপাতে চরম দুর্ভোগ পোহাচ্ছেন মানুষ।

□ভারী বৃষ্টিতে জেলার ইন্দুরকানী, বড় মাছুমিয়া, মঠবাড়িয়াসহ নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে।তবে এখনো ক্ষয়ক্ষতির কোনো খবর পাওয়া যায়নি।

□ইন্দুরকানী উপজেলার বাসিন্দা হাসিব বিল্লাহ বলেন, সন্ধ্যা ও কচা নদীর তীরবর্তী এলাকায় হাজারো পরিবারের বসবাস।সাগরে নিম্নচাপ হলেই এ এলাকার মানুষের চিন্তা বাড়ে।রাত থেকে বৃষ্টির পানিতেই আশপাশ তলিয়ে গেছে।জোয়ারের পানি উঠলে বিপদ হয়ে যাবে।

□পিরোজপুর সদর উপজেলার বলেশ্বর নদী তীরের বাসিন্দা মো. ওয়াসিমুল কবির বলেন, বৃষ্টি ও নদীর জোয়াররের কারনে নদীর পাড়ের আশপাশের তলিয়ে গেছে।বৃষ্টির কারনে ঘর থেকে বের হওয়া যাচ্ছে না অনেক সমস্যার মধ্যে আছি।

□পিরোজপুর শহরের বলাকা ক্লাব এলাকার বাসিন্দা রিয়াদুল ইসলাম বলেন, বৃষ্টির কারনে রাস্তায় জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে।এতে আমাদের চলাচলে অনেক সমস্যা হচ্ছে।বিশেষকরে রাস্তায় পানি থাকায় রিকশা গাড়ি খানাখন্দে পড়ে দুর্ঘটনার সৃষ্টি হচ্ছে।

জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মো. সাইফুল ইসলাম বলেন, পিরোজপুরে বুধবার (২৮ মে) সকাল ১০ টা থেকে বৃহস্পতিবার (২৯ মে) সকাল ১০ টা পর্যন্ত ২৪ ঘণ্টায় ১৫ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে। আগামী দুই দিন বৃষ্টির পরিমাণ বাড়তে পারে।

এ বিষয়ে পিরোজপুরের জেলা প্রশাসক মোহাম্মদ আশরাফুল আলম খান বলেন, আমরা সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ করছি। সম্ভাব্য দুর্যোগ মোকাবিলায় সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে। আশ্রয়কেন্দ্র প্রস্তুত রাখা হয়েছে এবং জরুরি খাদ্য সহায়তার ব্যবস্থা আছে।

নিম্নচাপ প্লাবিত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 00:07

URL: https://www.timestodaybd.com/barishal/440263131